

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
কাহালু, বগুড়া।  
(kahaloo.bogra.gov.bd)

স্মারক নং- ০৫.৫০.১০৫৪.০০০.০৯.০০১.২০২৪- ৮৭

তারিখ: ০৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ  
২২ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সরকারি হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, এ উপজেলার নিম্নবর্ণিত তফসিলভুক্ত সরকারি হাট-বাজারসমূহ বাংলা ১৪৩১ বঙ্গাব্দের জন্য অস্থায়ীভাবে ইজারা প্রদানের লক্ষ্যে সিডিউলে বর্ণিত শর্তসাপেক্ষে প্রতিটি হাট-বাজারের জন্য পৃথকভাবে সিলমোহরযুক্ত খামে দরপত্র বিজ্ঞপ্তির ক্যালেন্ডারের সময়সূচি মোতাবেক দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ ক্যালেন্ডারে বর্ণিত সময়সূচি মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া (স্থানীয় সরকার শাখা), পুলিশ সুপার বগুড়া, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহালু, বগুড়ায় রক্ষিত বাস্তব দরপত্র গ্রহণ করা হবে এবং ঐদিন বেলা ৩.০০ টায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। প্রয়োজনীয় শর্তাবলীসহ দরপত্র সংক্রান্ত সিডিউল, ক্যালেন্ডারে বর্ণিত দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরথযোগ্য) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), বগুড়া, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহালু, বগুড়া, সহকারী কমিশনার (ভূমি), কাহালু, বগুড়া-এর কার্যালয়, অফিসার ইনচার্জ, কাহালু থানা ও সোনালী ব্যাংক লিঃ, কাহালু শাখা, বগুড়া হতে ক্রয় করা যাবে।

দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। সফল দরপত্র দাতার জমাকৃত অর্থ হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে ব্যয় মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত জামানতের অর্থ জমাকারীর বরাবরে ফেরত প্রদান করা হবে। দরপত্র গৃহীত হওয়ার সংবাদ প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে ইজারা মূল্যের অবশিষ্ট ৭৫% অর্থ উপজেলা নির্বাহী অফিসার, কাহালু, বগুড়া বরাবরে বিডি/পে-অর্ডারমূলে এবং ১৫% অর্থ মূল্য সংযোজন কর ও ১০% অর্থ আয়কর হিসাবে ট্রেজারী চালানমূলে জমাপূর্বক বিডি/পে-অর্ডার ও চালানের মূলকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। অন্যথায় বিধি মোতাবেক দরপত্রের সাথে বিডি/পে-অর্ডারমূলে দাখিলকৃত ৩০% সমুদয় অর্থসহ দরপত্র বাতিল করা হবে। উল্লেখ্য, যে কোন পর্যায়ে বর্ণিত যে কোন হাট-বাজারের অনুকূলে দাখিলকৃত দর গ্রহণযোগ্য হলে পরবর্তী পর্যায়ে উক্ত হাট-বাজারের দরপত্র সংক্রান্ত কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে সমাপ্ত হবে।

তফসিলভুক্ত হাট-বাজারের তালিকা

ক্রঃ নং	ইউনিয়নের নাম	হাট-বাজারের নাম	সরকারি ইজারা মূল্য	সিডিউলের মূল্য	মন্তব্য
১	জামগ্রাম	জামগ্রাম হাট-বাজার	৬১,৯৫,২০৬/-	১৩,০০০/-	
২	ঐ	শাজা হাট-বাজার	১,৯৪,৪১৫/-	১,০০০/-	
৩	দুর্গাপুর	দুর্গাপুর হাট	৩৯,১২,১০৭/-	৮,৪০০/-	
৪	বীরকেন্দার	শেখাহার হাট	৬৩,৪২৪/-	৫০০/-	
৫	ঐ	কাজীপাড়া হাট	১,৪৮৪/-	৫০০/-	
৬	কালাই	তিনদিঘী হাট	১৩,০৭,৩৩৪/-	৩,৪০০/-	
৭	ঐ	শিবতলা হাট	৩০,৭০৫/-	৫০০/-	
৮	নারহট্ট	বিবিরপুকুর হাট	৩৩,৫৭,১৯৭/-	৭,৪০০/-	
৯	ঐ	কল্যানপুর হাট	১,৬৩,৫৯৪/-	১,০০০/-	
১০	ঐ	দরগাহাট	২০,৮৪৭/-	৫০০/-	
১১	পাইকড়	উচলবাড়িয়া হাট	১,৩৯,১৭৮/-	১,০০০/-	
১২	ঐ	আড়োলা হাট	১,৭২,৬২৭/-	১,০০০/-	
১৩	ঐ	ভূগইল কালিতলা হাট	৯০,৮৯৫/-	৫০০/-	
১৪	মুরইল	মুরইল হাট	২,২২,৯৯০/-	১,২০০/-	
১৫	ঐ	মুরইল বাসষ্ট্যান্ড বাজার	১,০৫,৩১২/-	১,০০০/-	
১৬	মালঞ্চা	ভালতন পুরাতন হাট	৫৯,২৯০/-	৫০০/-	
১৭	ঐ	মালঞ্চা হাট	১৫,৯৩,৮৮৭/-	৫,৮০০/-	
১৮	ঐ	ভালতন রাজবাড়ী হাট	৪,১০,০৪৫/-	১,৬০০/-	
১৯	ঐ	এরুইল হাট	৩,২১,৭২৮/-	১,৪০০/-	
২০	ঐ	কলমা হাট	২,৭৮,০০৯/-	১,২০০/-	

ক্যালেন্ডার

পর্যায়	দরপত্র বিক্রয়ের শেষ দিন	দরপত্র গ্রহণের তারিখ ও সময়		দরপত্র খোলার সময়
		তারিখ	সময়	
১ম	১৪/০২/২০২৪ খ্রিঃ	১৫/০২/২০২৪ খ্রিঃ	সকাল ১০.০০ হতে দুপুর ১.০০ পর্যন্ত	বিকেল ৩.০০ টা
২য়	০৫/০৩/২০২৪ খ্রিঃ	০৬/০৩/২০২৪ খ্রিঃ	সকাল ১০.০০ হতে দুপুর ১.০০ পর্যন্ত	বিকেল ৩.০০ টা
৩য়	২০/০৩/২০২৪ খ্রিঃ	২১/০৩/২০২৪ খ্রিঃ	সকাল ১০.০০ হতে দুপুর ১.০০ পর্যন্ত	বিকেল ৩.০০ টা
৪র্থ	০৩/০৪/২০২৪ খ্রিঃ	০৪/০৪/২০২৪ খ্রিঃ	সকাল ১০.০০ হতে দুপুর ১.০০ পর্যন্ত	বিকেল ৩.০০ টা

(বিঃ দ্রঃ ইজারা অনুমোদিত হওয়ার পূর্বে প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে অবশিষ্ট সমুদয় ইজারা মূল্য, ১০% আয়কর ও ১৫% ভাট পরিশোধ করতে যারা সক্ষম নন তাদের আবেদন করার প্রয়োজন নেই। সিডিউলের সাথে সংযুক্ত শর্তাবলি প্রতিপালনে সক্ষম ব্যক্তিদের আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

২২/০১/২৪  
(মোহাঃ মেরিনা আফরোজ)  
উপজেলা নির্বাহী অফিসার  
কাহালু, বগুড়া।